# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ২৫৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪০২]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কিবলার বর্ণনা এবং যারা মনে করে ভুলক্রমে অন্য দিকে মুখ করে নামায পড়লে তা পুনরায় পড়তে হবেনা

بَاب مَا جَاءَ فِي الْقِبْلَةِ وَمَنْ لَمْ يَرَ الْإِعَادَةَ عَلَى مَنْ سَهَا فَصَلَّى إِلَى غَيْرِ الْقِبْلَةِ

---

আরবী

عَنْ عُمَر بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قال: وَافَقْتُ رَبِّي فِي ثَلَاثٍ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ لَوْ اتَّخَذْنَا مِنْ مَقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى فَنَزَلَتْ { وَاتَّخِذُوا مِنْ مَقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى } وَآيَةُ الْحِجَابِ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ لَوْ أَمَرْتَ نِسَاءَكَ أَنْ يَحْتَجِبْنَ فَإِنَّهُ يُكَلِّمُهُنَّ الْبَرُّ وَالْفَاجِرُ فَنَزَلَتْ آيَةُ الْحِجَابِ وَاجْتَمَعَ نِسَاءُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْغَيْرَةِ عَلَيْهِ فَقُلْتُ لَهُنَّ عَسَى رَبُّهُ إِنْ طَلَّقَكُنَّ أَنْ يُبَدِّلَهُ أَزْوَاجًا خَيْرًا مِنْكُنَّ فَنَزَلَتْ هَذِهِ الْآيَةُ

বাংলা

২৫৯) উমার বিন খাত্তাব (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ তিনটি বিষয়ে আমার মতামত আমার প্রভুর ইচ্ছানুরূপ হয়েছে। (১) আমি বললামঃ হে আল্লাহর রাসূল! আমরা যদি মাকামে ইবরাহীমকে নামাযের স্থান হিসাবে গ্রহণ করতাম! তখন আল্লাহর এই বাণী অবতীর্ণ হলঃوَاتَّخِذُوا مِنْ مَقَامِ إِبْرَاهِيمَ مُصَلًّى "তোমরা মাকামে ইবরাহীমকে নামাযের স্থান হিসাবে গ্রহণ কর"। (সূরা বাকারাঃ ১২৫)

(২) আমি বললামঃ হে আল্লাহর রাসূল! আপনি যদি আপনার স্ত্রীদেরকে পর্দা করার আদেশ দিতেন! কারণ আপনার পবিত্র স্ত্রীদের সাথে ভাল-খারাপ উভয় প্রকার লোকই কথা বলে থাকে। তখন পর্দার আয়াত নাযিল হয়।

(৩) এক সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের স্ত্রীগণ নিজেদের আত্মমর্যাদাবোধের উপর একত্রিত হয়েছিলেন। তখন আমি তাদেরকে বলেছিলামঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যদি তোমাদেরকে তালাক প্রদান করেন, হতে পারে তাঁর প্রভু তোমাদের চেয়ে উত্তম মহিলাদেরকে তাঁর স্ত্রী হিসাবে প্রদান করবেন। তখন এ সম্পর্কে কুরআনের আয়াত অবতীর্ণ হয়।

টিকাঃ মূলতঃ আরও কিছু বিষয়ে তাঁর চিন্তার সাথে কুরআনের মিল ঘটেছে। যেমন মুনাফিক সরদার আব্দুল্লাহ ইবনে উবাই বিন সুলুলের জানাযা না পড়া এবং তার জন্য ক্ষমা না চাওয়া ইত্যাদি। তাই উপরোক্ত মন্তব্যে তিনটি বলার কারণ এই হতে পারে যে, সে পর্যন্ত মোট তিনটি বিষয়ে মিল ঘটেছিল।

## English

What has been said about (facing) the Qiblah (Kabah at Makkah) and wherever considered that there was no need to repeat the Salat (prayer) if someone offered prayers by mistake facing a direction other than that of the Qiblah

Narrated `Umar (bin Al-Khattab):

My Lord agreed with me in three things: -1. I said, "O Allah's Messenger (ﷺ), I wish we took the station of Abraham as our praying place (for some of our prayers). So came the Divine Inspiration: And take you (people) the station of Abraham as a place of prayer (for some of your prayers e.g. two rak`at of Tawaf of Ka`ba)". (2.125) -2. And as regards the (verse of) the veiling of the women, I said, 'O Allah's Messenger (ﷺ)! I wish you ordered your wives to cover themselves from the men because good and bad ones talk to them.' So the verse of the veiling of the women was revealed. -3. Once the wives of the Prophet (ﷺ) made a united front against the Prophet (ﷺ) and I said to them, 'It may be if he (the Prophet) divorced you, (all) that his Lord (Allah) will give him instead of you wives better than you.' So this verse (the same as I had said) was revealed." (66.5).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89557

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন